

আগামী অধিবেশনেই সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল পাস হবে -এমএ মান্নান

সুনামগঞ্জ প্রতিনিধি



২৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ সেপ্টেম্বর ২০১৯ ২৩:৫০

পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান এমপি বলেছেন, আগামী সংসদ অধিবেশনেই সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল পাস হবে। সুনামগঞ্জ জেলা সদরে রেললাইন আসবে। সুনামগঞ্জে বঙ্গবন্ধু মেডিক্যাল কলেজ হাসপাতাল হচ্ছে। ধারাবাহিকভাবে আরও উন্নয়ন হবে। গণমাধ্যমকর্মীরা নিশ্চয়ই আমাদের সহযোগিতা করবেন এবং সরকারের উন্নয়ন-সাফল্য প্রচার করবেন।

গতকাল শনিবার সকালে সুনামগঞ্জে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। সুনামগঞ্জ সার্কিট হাউস মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সুনামগঞ্জ প্রেসক্লাবের সভাপতি পক্ষজ দে।

প্রেসক্লাবের সহসভাপতি শামম শামীমের সঞ্চালনায় সভায় আরও বক্তব্য দেন সুনামগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট পীর ফজলুর রহমান মিসবাহ, জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আহাদ, পুলিশ সুপার মিজানুর রহমান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট একেএম মহিম, প্রেসক্লাবের কার্যকরী সদস্য লতিফুর রহমান রাজু প্রমুখ।

advertisement